



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

পত্র নং- প্রকা/ক্রেডিটবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ১১০৬(১২৫০)

তারিখঃ ০৭/০২/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : 'সিএমএসএমই খাতে অর্থায়নের বিপরীতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম'কে প্রাক-অর্থায়ন স্কিমে রূপান্তর প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ ৩১ জানুয়ারি, ২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। দেশের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ সুবিধা নিশ্চিত করতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকা সংক্রান্ত এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২; এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- ০৭, তারিখঃ ০৮/১১/২০২২ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- ০১, তারিখঃ ১৮/০১/২০২২ মূলে জারি করা হয়। যা অত্র বিভাগের সার্কুলার লেটার নং - ১৩২(১২৫০), তারিখঃ ২১/০৭/২০২২; পত্র নং- ১১৮৪ (১২৫০), তারিখঃ ১০/১১/২০২২ এবং পত্র নং- ১৮২৯(১২৫০), তারিখঃ ২৬/০১/২০২০ এর মাধ্যমে ব্যাংকের মাঠ পর্যায়ে জারি করা হয়েছে। উল্লেখিত স্কিমের আওতায় অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের গ্রাহকগণকে প্রদত্ত মেয়াদি ও চলতি মূলধন ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে।

০৩। বর্তমানে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা বিক্রয়জনিত কারণে ব্যাংকিং খাত হতে ব্যাপক পরিমাণ স্থানীয় মুদ্রা কেন্দ্রীয় ব্যাংকে জমা হচ্ছে। ফলশ্রুতিতে ব্যাংকসমূহে অর্থের আন্তঃপ্রবাহ হ্রাস পেয়েছে বিধায় সিএমএসএমই খাতে ঋণ প্রদানের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংক অবহিত হয়েছে।

০৪। বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় সরকারের অগ্রাধিকার খাত হিসেবে সিএমএসএমই খাতে ঋণপ্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত শিরোনামোক্ত পুনঃঅর্থায়ন স্কিমকে এখন থেকে প্রাক-অর্থায়ন স্কিম হিসেবে ঘোষণা করা হয়েছে।

০৫। ইতিপূর্বে পুনঃঅর্থায়নের জন্য যে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (PFI) হিসেবে চুক্তিবদ্ধ হয়েছে, সে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে তাদের জন্য বরাদ্দকৃত অর্থ প্রাক-অর্থায়ন হিসেবে প্রদান করা হবে মর্মে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জানানো হয়েছে। এছাড়া ঋণ প্রদানের অগ্রগতি বিবেচনাপূর্বক এখন থেকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত তহবিল হতে আগাম অর্থ সরবরাহ করা হবে। অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বর্ণিত প্রাক-অর্থায়ন তহবিল ব্যবহারের দক্ষতা পর্যালোচনান্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক তহবিল বরাদ্দসহ যেকোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

০৬। তবে, এসএমইএসপিডি সার্কুলার নং-০৪/২০২২ এর আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে যে সকল ঋণ/বিনিয়োগ ইতোমধ্যে বিতরণ করা হয়েছে, সে সকল ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা কার্যকর থাকবে। এ লক্ষ্যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইতিমধ্যে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের জন্য আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট বরাবর আবেদন দাখিল করতে হবে।

০৭। প্রতি ত্রৈমাসিক অন্তে পরবর্তী ত্রৈমাসিকের ঋণ/বিনিয়োগ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রাক-অর্থায়ন তহবিল হতে অর্থ প্রাপ্তির জন্য পূর্ববর্তী ত্রৈমাসিকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের তথ্যাদি/বিবরণী অনুচ্ছেদ ৮ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে।

০৮। অনুচ্ছেদ ৭ এ বর্ণিত বিষয়ে অর্থ প্রাপ্তির জন্য প্রতি ত্রৈমাসিকের অব্যবহিত পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সংযোজনী- 'ঙ' এবং সংযোজনী- 'চ' মোতাবেক আবেদনপত্র দাখিল করতে হবে।

০৯। এতদ্ব্যতীত, আলোচ্য সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

Moe


pl

বিষয় : 'সিএমএসএমই খাতে অর্থায়নের বিপরীতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম'কে প্রাক-অর্থায়ন স্কিমে রূপান্তর প্রসঙ্গে।

১০। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখ ৩১ জানুয়ারি, ২০২৩ অপর পৃষ্ঠায় ছবছ পুনঃমুদ্রণ করা হলো। সংশ্লিষ্ট সকলের সদয় জ্ঞাতার্থে সার্কুলার লেটারটি জারি করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক


ফোন : ০২-২২৩৩৮৮৯৪৯

পত্র নং- প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ২২০৬(১২৫০)

তারিখঃ ০৭/০২/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


০৭.০২.২০২৩

(মুহাম্মদ মোশাররফ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোথামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সাকুলার লেটার নং-০২

তারিখ: ১৭ মাঘ ১৪২৯
৩১ জানুয়ারি ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**‘সিএমএসএমই খাতে অর্থায়নের বিপরীতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার
পুনঃঅর্থায়ন স্কিম’কে প্রাক-অর্থায়ন স্কিমে রূপান্তর প্রসঙ্গে।**


শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুলাই ২০২২ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সাকুলার নং-০৪, ০৮ নভেম্বর ২০২২ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সাকুলার লেটার নং-০৭ এবং ১৮ জানুয়ারি ২০২৩ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সাকুলার লেটার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সূত্রে বর্ণিত স্কিমের আওতায় অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের গ্রাহকগণকে প্রদত্ত মেয়াদি ও চলতি মূলধন ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে।
৩. বাংলাদেশ ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রা বিক্রয়জনিত কারণে ব্যাংকিং খাত হতে ব্যাপক পরিমাণ স্থানীয় মুদ্রা কেন্দ্রীয় ব্যাংকে জমা হচ্ছে। ফলশ্রুতিতে ব্যাংকসমূহে অর্থের অন্তঃপ্রবাহ হ্রাস পেয়েছে বিধায় সিএমএসএমই খাতে ঋণ প্রদানের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংক অবহিত হয়েছে।
৪. বর্ণিত পেক্ষাপট বিবেচনায় সরকারের অগ্রাধিকার খাত হিসেবে সিএমএসএমই খাতে ঋণপ্রবাহ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত শিরোনামোক্ত পুনঃঅর্থায়ন স্কিমকে এখন থেকে প্রাক-অর্থায়ন স্কিম হিসেবে ঘোষণা করা হলো।
৫. ইতিপূর্বে পুনঃঅর্থায়নের জন্য যে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (PFI) হিসেবে চুক্তিবদ্ধ হয়েছে, সে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে তাদের জন্য বরাদ্দকৃত অর্থ প্রাক-অর্থায়ন হিসেবে প্রদান করা হবে। ঋণ প্রদানের অগ্রগতি বিবেচনাপূর্বক এখন থেকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত তহবিল হতে আগাম অর্থ সরবরাহ করা হবে। অংশগ্রহণকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বর্ণিত প্রাক-অর্থায়ন তহবিল ব্যবহারের দক্ষতা পর্যালোচনান্তে বাংলাদেশ ব্যাংক তহবিল বরাদ্দসহ যেকোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।
৬. তবে, এসএমইএসপিডি সাকুলার নং-০৪/২০২২ এর আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে যে সকল ঋণ/বিনিয়োগ ইতোমধ্যে বিতরণ করা হয়েছে, সে সকল ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা কার্যকর থাকবে। এলক্ষ্যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইতিমধ্যে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের জন্য আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে অত্র বিভাগে আবেদন দাখিল করতে হবে।
৭. প্রতি ত্রৈমাসিক অন্তে পরবর্তী ত্রৈমাসিকের ঋণ/বিনিয়োগ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রাক-অর্থায়ন তহবিল হতে অর্থ প্রাপ্তির জন্য পূর্ববর্তী ত্রৈমাসিকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের তথ্যাদি/বিবরণী অনুচ্ছেদ ৮ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে।

৮. অনুচ্ছেদ ৭ এ বর্ণিত বিষয়ে অর্থ প্রাপ্তির জন্য প্রতি ত্রৈমাসিকের অব্যবহিত পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সংযোজনী- 'ঙ' এবং সংযোজনী- 'চ' মোতাবেক আবেদনপত্র দাখিল করতে হবে।
৯. এতদ্ব্যতীত, সূত্রে বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারের অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে। বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে শিরোনামোক্ত স্কিম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে যেকোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করার অধিকার সংরক্ষণ করে।
১০. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
১১. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ আশিকুর রহমান)
পরিচালক (এসএমইএসপিডি)

ফোনঃ ৯৫৩০৫০২

সূত্র: -----

তারিখ: -----

পরিচালক (এসএমইএসপিডি)
এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
মহোদয়,

‘সিএমএসএমই খাতে অর্থায়নের বিপরীতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার ক্ষিম’ এর
আওতায় গৃহীত প্রাক-অর্থায়নের মাধ্যমে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ প্রসঙ্গে।

শিরোনামোক্ত ক্ষিমের আওতায় গত ----- তারিখে আমাদের ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অনুকূলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মোট টাকা ----- (কথায় -----) প্রাক-অর্থায়ন প্রদান করা হয়, যা ১৯ জুলাই ২০২২ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক উক্ত ক্ষিমের আওতায় ----- তারিখ হতে --
----- তারিখ পর্যন্ত সময়ে ----- জন সিএমএসএমই উদ্যোক্তার অনুকূলে মোট-----টাকা ঋণ/বিনিয়োগ বিতরণ করা হয়েছে, যার বিস্তারিত বিবরণ সংযোজনী-‘চ’ মোতাবেক এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উক্ত ক্ষিমের আওতায় এ পর্যন্ত বিতরণকৃত অর্থায়নের খাতওয়ারী বিভাজন নিম্ন ছকে উল্লেখ করা হলো:

উদ্যোগের প্রকৃতি	বিতরণের পরিমাণ	বিতরণের হার	ঋণ/বিনিয়োগের ধরন	বিতরণের পরিমাণ	বিতরণের হার	উদ্যোগের ধরন	বিতরণের পরিমাণ	বিতরণের হার
উৎপাদন			মেয়াদি			কুটির, মাইক্রো ও ক্ষুদ্র		
সেবা			চলতি মূলধন			মাঝারি		
ব্যবসা								

আপনাদের বিশ্বস্ত,

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান

----- ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

ফোন: -----

ই-মেইল:-----

‘সিএমএসএমই খাতে অর্থায়নের বিপরীতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার স্কিম’ এর
আওতায় প্রাক-অর্থায়ন হিসেবে গৃহীত অর্থের মাধ্যমে বিতরণকৃত ঋণ/বিনিয়োগ সংক্রান্ত তথ্য

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:																			
গৃহীত প্রাক-অর্থায়নের পরিমাণ:																			
সময়কাল:																			
ক্রমিক নং	ঋণ/বিনিয়োগ গ্রহীতা/উদ্যোগের বিবরণ										ঋণ/বিনিয়োগ ও অর্থায়ন সংক্রান্ত তথ্য								মন্তব্য (যদি থাকে)
	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠানের ঠিকানা	মালিকানার প্রকৃতি (প্রোপ্রাইটরশিপ/যৌথ মালিকানা/কোম্পানি)	বাবসা/কার্যক্রমের ধরন/বিবরণ	উদ্যোগের ধরন (কৃষি/মাইক্রো/ক্ষুদ্র/মারি)	উদ্যোগের প্রকৃতি (উৎপাদন/সেবা/বাবসা)	ট্রেড লাইসেন্স নং	উদ্যোক্তা/উদ্যোক্তাদের নাম	NID নং	ঋণ/বিনিয়োগ হিসাব নং	ঋণ/বিনিয়োগ বিতরণের তারিখ	ঋণ/বিনিয়োগের ধরন (মেয়াদি/চলতি মূলধন)	ঋণ/বিনিয়োগের উদ্দেশ্য	বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ (টাকা)	গ্রাহক পর্যায়ে সুদ/মুনাফার হার (%)	ফ্রেস পিরিয়ড (মাস)	ফ্রেস পিরিয়ডসহ ঋণ/বিনিয়োগের মেয়াদ (মাস)		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)	(১৭)	(১৮)	(১৯)	
১																			
২																			
৩																			
মোট	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	-	

আপনাদের বিশ্বস্ত,

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান

----- ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

ফোন: -----

ই-মেইল:-----